

শির্ক শব্দের আভিধানিক অর্থ কি ?

শির্ক শব্দের আভিধানিক অর্থ হলো:- সংযুক্তি, সম্মিলন, মিশ্রণ, শামিল বা অংশীদারিত্ব ইশরাক বা শরীক করার অর্থ হলো:- কোনকিছুকে মিশ্রিত করা, যুক্ত করা, মিলানো, একত্রিত করা, শামিল বা অংশীদার করা। শির্ক শব্দ থেকে উদগত ও রূপান্তরিত প্রতিটি শব্দের মধ্যে তার এ মৌলিক অর্থগুলোই পাওয়া যায়। কোনকিছুতে অংশীদার (শরীক) হওয়ার বা অংশীদার করার জন্য যাকে কিংবা যেসব বিষয়-বস্তুকে অংশীদার করা হচ্ছে এবং যার সাথে কিংবা যে বিষয়-বস্তুর সাথে অংশীদার করা হচ্ছে, উভয়ের অংশ তাতে সমান হওয়া আবশ্যিক নয়, বরং তা কম বেশিও হতে পারে। যেমন আল-হর নবী হারুন ﷺ রেছালতের ক্ষেত্রে মুছা ﷺ এর অংশীদার ছিলেন। কিন্তু তাই বলে তিনি মুছা ﷺ এর সমতুল্য বা তাঁর সমান অংশীদার ছিলেন না। এতদসত্ত্বেও নবুওয়্যাত ও রিছালতে তাঁকে মুছা ﷺ এর অংশীদার বলা হয়েছে। তাছাড়া আমরা যেমন দেখতে পাই যে, যৌথ মালিকানাধীন কোম্পানী কিংবা অংশীদারিত্ব মূলক ব্যবসা প্রতিষ্ঠানে অনেকেই মালিক বা শেয়ার থাকে। কিন্তু তাই বলে তাদের সকলের মালিকানা বা শেয়ার সকল ক্ষেত্রে সমান থাকে না।